গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১০০.২২.১৬৬০

## অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অঙ্গীভূত আনসার সদস্যদের মধ্যে কেউ কেউ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপ, ইউটিউব, টিকটক, ইনস্টাগ্রাম, ইমো, এক্স (পূর্বের টুইটার) ও টেলিগ্রাম ইত্যাদি) এবং অন্যান্য ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারকালে অসচেতনতাবশত বা অননুমোদিতভাবে বাহিনীর কার্যক্রম, সরকারি তথ্য, ইউনিফর্ম পরিহিত ছবি, প্রশিক্ষণ, মোতায়েন, দাপ্তরিক নথি, কর্মস্থলের ছবি/ভিডিও এবং অন্যান্য সংবেদনশীল তথ্য প্রকাশ বা আদান-প্রদান করছেন। এ ধরনের কার্যক্রম সরকারি তথ্যের নিরাপত্তা, বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ন, শৃঙ্খলা এবং রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে।

সরকারি গোপনীয়তা আইন, ১৯২৩ (Official Secrets Act, ১৯২৩), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত প্রচলিত আইন, সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত) এবং স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮.১১০, তারিখ: ১২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ, স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৬৯.২৩.২০১৫, তারিখ: ১০/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ এবং স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮.১২৭১, তারিখ: ০৩/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে প্রশাসন শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঢাকা হতে এ বিষয়ে জারিকৃত অফিস আদেশসমূহের আলোকে অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে বাহিনীর ইউনিফর্ম পরিহিত অবস্থায় ধারণকৃত ছবি বা ভিডিও, ডিউটি, প্রশিক্ষণ, অপারেশন, অস্ত্র, নিরাপত্তা ব্যবস্থা, সরকারি স্থাপনা, অফিস কক্ষ, যানবাহন অথবা বাহিনীর যেকোনো কার্যক্রমের ছবি, ভিডিও বা তথ্য কোনো সামাজিক যোগাযোগ মাধ্যম কিংবা অন্য কোনো ডিজিটাল প্ল্যাটফর্মে প্রকাশ, প্রচার বা শেয়ার করা যাবে না।

২। বাহিনীর অভ্যন্তরীণ আদেশ, পত্র, নথি, নির্দেশনা, সরকারি বার্তা, স্ক্রিনশট বা অন্য কোনো সংবেদনশীল তথ্য কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট প্রেরণ, প্রকাশ বা শেয়ার করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৩। বাহিনীর নাম, লোগো, পরিচয়, পদবি বা ইউনিফর্ম ব্যবহার করে কোনো রাজনৈতিক, ধর্মীয়, সাম্প্রদায়িক, উসকানিমূলক, বিভ্রান্তিকর বা বিতর্কিত বক্তব্য, মন্তব্য, ছবি, ভিডিও বা প্রচারণা পরিচালনা করা যাবে না।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে এমন কোনো পোস্ট, মন্তব্য, ছবি, ভিডিও বা লাইভ সম্প্রচার করা যাবে না, যা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর শৃঙ্খলা, মর্যাদা, নিরপেক্ষতা ও ভাবমূর্তি ক্ষুণ্ন করতে পারে অথবা জনমনে বিভ্রান্তির সৃষ্টি করে।

৫। যাচাই-বাছাই ব্যতিরেকে কোনো সংবাদ, তথ্য, গুজব বা প্রচারণামূলক কনটেন্ট শেয়ার বা ফরওয়ার্ড করা হতে বিরত থাকতে হবে।

৬। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অফিসিয়াল প্ল্যাটফর্ম ব্যতীত বাহিনীর নামে কোনো পেজ, গ্রুপ, চ্যানেল বা অনুরূপ ডিজিটাল মাধ্যম পরিচালনা বা ব্যবহার করা যাবে না।

৭। বাহিনীর কার্যক্রম প্রচারের প্রয়োজন হলে তা শুধুমাত্র কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত অফিসিয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে প্রকাশ করতে হবে।

৮। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে প্রচলিত আইন, সরকারি বিধি-বিধান, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জারিকৃত নির্দেশনা এবং সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিধান কঠোরভাবে প্রতিপালন করতে হবে।

৯। উপরোক্ত নির্দেশনা লঙ্ঘনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যের বিরুদ্ধে প্রচলিত আইন এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রচলিত শৃঙ্খলা বিধি অনুযায়ী বিভাগীয় ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। সংশ্লিষ্ট সকল ইউনিট কমান্ডার/প্রতিষ্ঠান প্রধানকে এ নির্দেশনা অঙ্গীভূত আনসার সদস্যদের অবহিতকরণ এবং যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারি করা হলো।

২৩/০৮/২৬
মোঃ আব্দুল মাজিদ পিএএমএস, বিপিএমএস
বিএডি নম্বর-১২০০৭৪
পরিচালক (অঙ্গীভূতকরণ)
মোবাইল নম্বর-০১৩৩৫৩০১০৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর।
dcrangpur@ansarvdp.gov.bd



স্মারক নং-৪৪.০৩.৫৫৮৫.০০২.০২.০০৫.২৬-৬৮৬৩,

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ।
২৪ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ।

অনুলিপি:

০১। উপমহাপরিচালক - সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর রেঞ্জ, রংপুর।

০২। পরিচালক (অঙ্গীভূতকরণ) - ঐ
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

০৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)
রংপুর।

উপরোক্ত পত্রের মর্মানুযায়ী নির্দেশনাসমূহ অঙ্গীভূত আনসার সদস্যদের অবহিতকরণ এবং যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। অফিস/মাস্টার কপি - সংরক্ষণের জন্য।

২৪/০৮/২৬
মোঃ সহিদুল ইসলাম, পিভিএমএস
বিএভি-১৫০০০০০৪০
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর।
মোবাইল: ০১৩৩৫-৩০৮০২০

G:\Local Disk\All Works\বিবিধ ফাইল-.doc

CamScanner